

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ  
সড়ক বিভাগ, বরিশাল।  
ফোনঃ ০৪৩১-৬৪১৮৫, ফ্যাক্সঃ ০৪৩১-৬১৮৪৪  
e-mail: eebar@rhd.gov.bd

স্মারক নং- ৩৫.০১.০৬৫১.৪০৩.৩১.০২৬.১৮ - ৩৭৪০

তারিখঃ- ০৮/০৯/২০২২ খ্রিঃ।


বিষয়ঃ- বরিশাল সড়ক বিভাগাধীন সওজ অধিগ্রহণকৃত জমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম পরিচালনার সময় আইন-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক নিরাপত্তা বজায় রাখার স্বার্থে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একজন কর্মকর্তাসহ পর্যাপ্ত পুলিশ ফোর্স নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ- অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয় (জুডিসিয়াল মুন্সিখানা শাখা), বরিশাল এর স্মারক নং-০৫.১০.০৬০০.১১০.৫০.০০২. ২২-৪৪৪ তাং-৩১/০৮/২০২২ খ্রিঃ।

যথাযথ সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র সড়ক বিভাগাধীন ঢাকা (যাত্রাবাড়ি)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়ক (এন-৮) এর চেঃ ১৬৫+০০০ কি.মি. (সাগরদী ইসলামিয়া মাদ্রাসা) হতে ১৬৭+৫০০ কি.মি. (শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সেতুর এ্যাপ্রোচ) পর্যন্ত এবং পুরাতন ফেরিঘাট লিংক রোড এর চেঃ ০+০০০ কি.মি. (সেতুর টোল কালেকশন বুথ) হতে ১+৮০০ কি.মি. (দেপদপিয়া পুরাতন ফেরিঘাট) পর্যন্ত সড়কের উভয় পার্শ্ব সওজ অধিগ্রহণকৃত জমিতে অবৈধভাবে গড়ে ওঠা দোকানপাট/স্থাপনা উচ্ছেদের নিমিত্তে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে একজন বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। নিয়োগকৃত বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সাথে আলোচনা মোতাবেক আগামী ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বর্ণিত স্থানের অবৈধ দোকানপাট/স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে অভিযান পরিচালনার সময় ধার্য করা হয়েছে। ধার্যকৃত তারিখে সকাল ৯:০০ ঘটিকা হতে উচ্ছেদ অভিযান পরিচালনার সময় আইন-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক নিরাপত্তার স্বার্থে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একজন কর্মকর্তাসহ পর্যাপ্ত (প্রয়োজনীয় সংখ্যক নারী পুলিশ সদস্যসহ কমপক্ষে ১০০ (একশত) জন) পুলিশ ফোর্স মোতায়েন করা আবশ্যিক।

এমতাবস্থায়, বর্ণিত উচ্ছেদ কার্যক্রম চলাকালীন সময় আইন-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক নিরাপত্তা বজায় রাখার স্বার্থে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একজন কর্মকর্তাসহ পর্যাপ্ত পুলিশ ফোর্স মোতায়েন করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে।

  
(মাসুদ মাহমুদ সুমন)  
পরিচিতি নং-৬০২১৬৫  
নির্বাহী প্রকৌশলী, সওজ  
সড়ক বিভাগ, বরিশাল।

পুলিশ কমিশনার  
বিএমপি, বরিশাল।

অনুলিপি সংযুক্তিসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল।
- ০২। কমান্ডার, র‍্যা-ব-৮, বরিশাল। সংশ্লিষ্ট উচ্ছেদ অভিযান চলাকালে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়েনের মাধ্যমে সহযোগিতা প্রদানের অনুরোধসহ।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ০৪। জেলা প্রশাসক, বরিশাল।
- ০৫। পুলিশ সুপার, বরিশাল।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল। উচ্ছেদ অভিযান চলাকালে তাঁর দপ্তরের একজন যথোপযুক্ত কর্মকর্তা উপস্থিত থাকার সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাড়িকো লিঃ, চাঁদমারী, বরিশাল। সংশ্লিষ্ট অবৈধ স্থাপনাসমূহে তার দপ্তরাধীন বিদ্যুৎ সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার লক্ষ্যে অবৈধ উচ্ছেদ অভিযান চলাকালে তার দপ্তরের প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, বুপাতলী, বরিশাল।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর উপজেলা, বরিশাল।
- ১০। জনাব মোঃ নাহিদুর রহমান, সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ১১। সহকারী কমিশনার (ভূমি), বরিশাল সদর, বরিশাল।
- ১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল। অবৈধ স্থাপনা উচ্ছেদের পূর্বে যথাযথভাবে মাইকিং করতঃ নির্ধারিত তারিখে প্রয়োজনীয় যানবাহন ও যন্ত্রপাতিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও জনবল প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল। বর্ণিত উচ্ছেদ কার্যক্রম চলাকালীন তার দপ্তরের একটি অগ্নি নির্বাপক দল মোতায়েন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ১৪। সহকারী পুলিশ সুপার, বরিশাল জোন, হাইওয়ে পুলিশ (পশ্চিমাঞ্চল), বগুড়া।
- ১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কোতয়ালী মডেল থানা, বরিশাল।
- ১৬। সার্ভেয়ার, অত্র সড়ক বিভাগ।